

প্রশিক্ষণঃ আমরা মুসলিম পরিবার ও শিশুদের প্রয়োজন সম্পর্কে হাসপাতাল, স্কুল, আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য সিটি এজেন্সিগুলোকে অবহিত করি।

আমাদের কর্মীরা পারিবারিক ও ফৌজদারী আদালতের আইনী প্রক্রিয়ায় সামাজিক মূল্যবোধ রক্ষায় সচেষ্ট থাকেন এবং সাথে সাথে ন্যায় বিচার যাতে নিশ্চিত হয় তার পক্ষে কাজ করে থাকেন।

অধিকন্তু টার্নিং পয়েন্ট কর্মীরা মূলধারার সামাজিক এজেন্সিগুলোর কর্মী এবং মুসলিম সংগঠনগুলোর কর্মীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে থাকে যাতে তারা মুসলিম পরিবার ও শিশুদের বেলায় ধর্মীয় সংবেদনশীল ও সামাজিক মূল্যবোধ রক্ষা করে পেশাগত মানসম্পন্ন সেবা প্রদান করতে পারেন।

লক্ষ্য ও উদ্দেশ্য

টার্নিং পয়েন্ট হচ্ছে এমন একটি অলাভজনক সামাজিক প্রতিষ্ঠান যা একক কিংবা যৌথভাবে মুসলিম নারী ও শিশুদের সমস্যা উত্তরণে প্রয়োজনীয় শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানসহ সার্বিক সহায়তা প্রদান করে থাকে এবং মধ্যস্থতা বা ওকালতী করে থাকে।

বিশেষ করে পারিবারিক কলহের ক্ষেত্রে মুসলিম সমাজের প্রয়োজন এবং সহায়তা প্রদান প্রক্রিয়ার মধ্যে যে বিরাট ব্যবধান রয়েছে টার্নিং পয়েন্ট এই ব্যবধান কমিয়ে আনার লক্ষ্যে তুলনামূলক সেবা প্রদানে কর্মরত।

একটি নিরাপদ ও সমৃদ্ধ পরিবেশে নারীরা যাতে স্বাবলম্বিতাবে নিজ জীবন গড়ে তুলতে পারে ও তাদের পরিবার এবং বাচ্চাদের জন্য অবদান রাখতে পারে তার জন্য টার্নিং পয়েন্ট প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে থাকে।



মুসলিম নারী

ও

পরিবারের

সেবায় একটি নতুন সেবামূলক সামাজিক সংস্থা

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :

টেলিফোন : ৭১৮-৮৮৩-৯৪০০

ফ্যাক্স : ৭১৮-৮৮৩-৯৪৪৯

ই-মেইল : info@turningpoint-ny.org

টার্নিং পয়েন্টে যে কোন অনুদান ট্রান্সমুক্ত

আপনার অনুদানের চেক মেইল করুন :

Turning Point for Women & Families
P.O. Box 670086
Flushing, NY 11367



ফর উইমেন এন্ড ফ্যামিলিস্

আমরা বিনামূল্যে (ফ্রি) গোপনীয়তার সাথে সামাজিক সংবেদনশীল নিম্নবর্ণিত সেবাসমূহ প্রদান করে থাকি :-

- সংকটকালীন হস্তক্ষেপ
- ব্যক্তিগত উপদেশ
- সম্মিলিত সহযোগিতা
- দিক নির্দেশনা
- ওকালতী
- জনগোষ্ঠীকে সজ্জবদ্ধ করা
- নারী অধিকার অভিভাসন ও শিশু নিরাপত্তা ব্যাপারে তথ্য পরিবেশন
- কিশোরী বালিকাদের পরামর্শ প্রদান
- সমাজকর্মে প্রাথমিক দীক্ষা

পারিবারিক সার্ভিস : সংবেদনশীল ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ রক্ষা করে সেবা প্রদানের নিমিত্তে নিয়োজিত সামাজিক সংগঠনের যথেষ্ট অভাব রয়েছে।

টার্নিং পয়েন্ট পারিবারিক কলহের কারণে ক্ষতিগ্রস্থ নারী ও শিশুদের এবং দারিদ্র ও অভিবাসন সংক্রান্ত কারণে সমস্যাগ্রস্থ মুসলিম পরিবার কিংবা ৯/১১ এর ক্ষতিকর প্রভাবে কুফল ভোগকারীদের সহায়তা করে থাকে।

টার্নিং পয়েন্ট এই সকল মহিলা কিংবা পরিবারকে তাত্ত্বিক এবং ধর্মীয় দিক থেকে প্রয়োজনীয় সহযোগিতার হাত প্রসারিত করে। আমরা বিচ্ছিন্ন মুসলমানদের ক্ষমতা বৃদ্ধির জন্য পারস্পারিক সহযোগিতাকে প্রাধান্য দিয়ে থাকি। আমরা সম্মিলিতভাবে সমাধান খুঁজে থাকি।

শিক্ষা ও কমিউনিটি সহযোগিতা : পরিবার ও শিশুর জীবনে পারিবারিক কলহের পরিণাম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে টার্নিং পয়েন্ট ধর্মীয় প্রতিষ্ঠান ও সামাজিক নেতৃবৃন্দের সাথে সম্মিলিতভাবে কাজ করে।

অধিকন্তু অনেক মুসলিম নারী এবং তাদের পরিবার ধর্মীয় প্রতিষ্ঠানের সাহায্য নিতে স্বাচ্ছন্দ্য বোধ করেন না কারণ তারা বদনামের আশঙ্কা করেন অথবা বিচারের সম্মুখীন হওয়ার জন্য ভীত থাকেন। গোপনীয়তা রক্ষার উদ্দেশ্যে অনেকেই সাহায্য চাওয়া থেকে বিরত থাকেন ও সমস্যাগুলো এড়িয়ে যান।

আমাদের কর্মীগণ কমিউনিটির সাথে দৃঢ় যোগাযোগের মাধ্যমে দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকেন।



বৈবাহিক সম্পর্কে টানাপোড়ন অত্যন্ত স্বাভাবিক।
কিন্তু এখানে আত্মরক্ষার উপায় ও সাহায্যের ব্যবস্থা আছে।

শিক্ষানবীশ : সমাজকর্মীদের উদ্বুদ্ধকরণে টার্নিং পয়েন্ট শিক্ষানবীশ সমাজকর্মী তৈরির সুযোগ সৃষ্টি করেছে। এটি একটি জরুরী পদক্ষেপ। স্কুলের সোস্যাল ওয়ার্ক বিষয়ের ছাত্রছাত্রীরা যারা মুসলিম সমাজে শিক্ষানবীশ হিসাবে কাজ করার ইচ্ছা প্রকাশ করে, মুসলিম সংগঠনগুলোতে সোস্যাল ওয়ার্ক কিংবা সোস্যাল ওয়ার্ক সুপারভাইজারদের ঘাটতির কারণে তারা এ সুযোগ থেকে বঞ্চিত হয়। ছয় লক্ষেরও বেশি মুসলমান নিউইয়র্কে বসবাস করেন। প্রায় ২০০ মসজিদ আছে যারা সমাজকর্ম সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে তুলনামূলকভাবে অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের চেয়ে পিছিয়ে আছে। আমরা অপেক্ষাকৃত পশ্চাত্পদ মুসলিম সমাজের জন্য অধিক মুসলিম পেশাদার সমাজকর্মী সৃষ্টি ও তাদেরকে সরাসরি কার্যে সম্পৃক্ত হওয়ার জন্য উৎসাহ প্রদান করে থাকি।